Ans: Ⓓ Explanation Had যুক্ত conditional sentence এর পরের clause টিতে subject + would have + v_3 হবে।

13. "I didn't know that reading this book was important for my exam. I didn't read it." Identify the correct combination. [IU-B : 18-19]
Ⓐ If I knew this book was important, I had read it.
Ⓑ If I would have known this book was important, I had read it.
Ⓒ If I had known this book was important, I would have read it.
Ⓓ None of the above
Ans: Ⓒ Explanation আমি যদি আগে জানতাম এই বইটা গুরুত্বপূর্ণ, আমি এটা পড়তাম।

14. If you —— me you needed a car, I would've called you. [BRUR-A : 18-19]
Ⓐ told Ⓑ had told Ⓒ tell Ⓓ have told
Ans: Ⓑ Explanation 3rd conditional এর নিয়মানুযায়ী: If + past perfect tense, subject + would/could/might have + v_3 + extension.

15. I would never turn that proposal down if I—— you. [BRUR-A : 18-19]
Ⓐ was Ⓑ had been Ⓒ were Ⓓ would be
Ans: Ⓒ Explanation 2nd conditional এর নিয়মানুযায়ী: If + past indefinite tense, subject + would/could/might + v_1 + extension. If clause এ be verb থাকলে যে কোনো person এর ক্ষেত্রে were হয়।

16. If people drove more carefully, —. [SHUBD-A : 18-19]
Ⓐ there would be fewer accidents
Ⓑ there should be fewer accidents
Ⓒ there would have been fewer accidents
Ⓓ there can be fewer accidents
Ans: Ⓐ Explanation Second conditional অনুযায়ী: If + past indefinite tense, subject + would/could/might + v_1.

17. If I had not intervened at the right moment, Jim —— arrested. [SHUBD-B : 18-19]
Ⓐ may have been Ⓑ can have been
Ⓒ might have been Ⓓ could have
Ans: Ⓒ Explanation Third conditional অনুযায়ী: If + past perfect tense, subject + would/could/might have + v_3. বাক্যের result clause টি passive mood এ হবে।

18. Which one is the correct conditional sentence? [NSTU-D : 18-19]
Ⓐ If you had played well, you would have won the game.
Ⓑ If you played well, you would have won the match.
Ⓒ If you had played well, you would win the game.
Ⓓ Had you played well, you would win the match.
Ans: Ⓐ Explanation 3rd conditional অনুযায়ী: If + past perfect tense, subject + would/could/might have + v_3.

19. If you buy me a laptop, I —— the internet easily. [JUST-D : 18-19]
Ⓐ access Ⓑ can access
Ⓒ could access Ⓓ would access
Ans: Ⓑ Explanation If + present tense + subject + present/future tense/can/may + v_1 । এখানে পারা অর্থে can access হবে।

20. When water ——, it turns into ice. [JUST-F : 18-19]
Ⓐ Will freeze Ⓑ Freezes Ⓒ Would freeze Ⓓ Froze
Ans: Ⓑ Explanation দুটি clause ই simple present এ হবে।

CamScanner

20. If the politicians had kept their words, our country —— a suitable place to live in. [BSMRSTU-D : 18-19]
Ⓐ was Ⓑ would be
Ⓒ would have been Ⓓ will be
Solution: If + past perfect + sub + would have/could have/might have + V_3

21. Had I been in your situation, —the offer. [BSMRSTU-E : 18-19]
Ⓐ I would not accept
Ⓑ I would have accepted
Ⓒ I would accept
Ⓓ I had accepted
Solution: Had এখানে 3rd conditional হিসেবে বসেছে তাই শূন্য clause এ would have + V_3 হবে।

22. —— he not come on time to catch the train, I —— a hard time given the fact that we were fellow travelers. [NSTU-A : 17-18]
Ⓐ Had, was Ⓑ Had, would have
Ⓒ Had, would have been Ⓓ Had, would have had
Ⓔ If he had, would have
Solution: এখানে Had he not come = If he had not come. conditional বাক্যের শূন্য স্থানে past perfect হবে, দ্বিতীয় স্থানে would have + past participle হবে।

24. Had I enough money, I —— the poor. [NSTU-C : 17-18]
Ⓐ would have helped Ⓑ will help
Ⓒ help Ⓓ would help
Solution: Third Conditional এর বিধানুযায়ী, যদি had দ্বারা বাক্যটি শুরু হয় তবে, Past perfect + could would might have + V_3

Part 3 Most Important MCQ

11. If you —— the environmental damage that plastic bags cause, the cost difference —— really negligible.
Ⓐ consider, will Ⓑ will consider, is
Ⓒ would consider, will Ⓓ consider, is Ans Ⓓ

12. I wish I —— those words. But now it's too late.
Ⓐ not having said Ⓑ never said
Ⓒ have never said Ⓓ had never said Ans Ⓑ

13. Many people who live near nuclear plants are concerned, —— go wrong, the impact on the surrounding area could be disastrous.
Ⓐ Something would Ⓑ Something will
Ⓒ Should something Ⓓ Does something Ans Ⓒ

14. Had I heard the weather report, I —— an Umbrella.
Ⓐ would have taken Ⓑ would take
Ⓒ took Ⓓ would have been taking Ans Ⓐ

15. I wish I —— a queen.
Ⓐ was Ⓑ is Ⓒ are Ⓓ were Ans Ⓓ

16. Find the correct sentence
Ⓐ If I find a bag in the street, I take it to the police
Ⓑ If I find a bag in the street, I took it to the police.
Ⓒ If I find a bag in the street, I would take it to the police.
Ⓓ If I find a bag in the street, I will be taking it to the police. Ans Ⓐ

17. If I had known he was in trouble I —— helped.
Ⓐ would Ⓑ have had
Ⓒ should have Ⓓ would have Ans Ⓓ

18. If I —— Aladdin's magic lamp, I —— all the problems of our country.
Ⓐ had, will solve Ⓑ had had, would have solved
Ⓒ have has, would solve Ⓓ had, would have solved Ans Ⓑ

19. Choose the correct sentence:
Ⓐ If I found a bag in the street, I will take it to the police.
Ⓑ If I found a bag in the street, I would take it to the police.
Ⓒ If I found a bad in the street, I'll be taking it to the police.
Ⓓ If I found a bag in the street, I took it to the police. Ans Ⓑ

10. Had I been in your situation, —— the offer.
Ⓐ I would not accept Ⓑ I would have accepted
Ⓒ I had accepted Ⓓ I would accept Ans Ⓑ

11. I wish that I —— enough time to work.
Ⓐ have Ⓑ have had Ⓒ had Ⓓ have not Ans Ⓒ

12. I wish I —— a millionaire.
Ⓐ am Ⓑ will be Ⓒ were Ⓓ shall be Ans Ⓒ

13. Had I possessed boundless property, I —— money to the poor.
Ⓐ would donate Ⓑ had donated
Ⓒ should donate Ⓓ would have donated Ans Ⓓ

14. I will not go if he —,
Ⓐ does not come Ⓑ would not come
Ⓒ did not come Ⓓ has not come Ans Ⓐ

15. Had I been regular in my studies, —?
Ⓐ I could not have failed. Ⓑ I would not have failed.
Ⓒ I should not have failed. Ⓓ I did not fail. Ans Ⓑ

16. If he works hard, he — shine in life.
Ⓐ should shine Ⓑ will shine Ⓒ has shine Ⓓ shines Ans Ⓑ

17. I wish I —— the answer.
Ⓐ should know Ⓑ knew
Ⓒ have known Ⓓ will know Ans Ⓑ

18. If you had studied harder, you —— in the admission test. Fill in the gap with the right option.
Ⓐ qualified Ⓑ would have qualified
Ⓒ will qualify Ⓓ qualify Ans Ⓑ

19. Had she known about it, she — have stayed longer.
Ⓐ would Ⓑ might Ⓒ may Ⓓ should Ans Ⓐ

20. If he —— hard, he would have succeeded.
Ⓐ worked Ⓑ had worked
Ⓒ has worked Ⓓ works Ans Ⓑ

21. If the bus to the airport hadn't been so late, we —— the plane.
Ⓐ had caught Ⓑ would catch
Ⓒ would have caught Ⓓ can catch Ans Ⓒ

22. Had I known her, I — her.
Ⓐ would meet Ⓑ would had meet
Ⓒ would have met Ⓓ would met Ans Ⓒ

23. If cigarettes were banned, life — healthier.
Ⓐ will be Ⓑ become
Ⓒ should become Ⓓ would become Ans Ⓓ

24. If you had invited me....
Ⓐ I would go Ⓑ I might go
Ⓒ I would have gone Ⓓ I had gone Ans Ⓒ

25. He — to see us if he had been able to do.
Ⓐ would come Ⓑ would have come
Ⓒ may had come Ⓓ would may come Ans Ⓑ

JOYEUX PUBLICATIONS • JOYEUX PUBLICATIONS • JOYEUX PUBLICATIONS • JOYEUX PUBLICATIONS • JOYEUX PUBLICATIONS • JOYEUX PUBLICATIONS • JOYEUX PUBLICATIONS

ENGLISH Chapter 19 TAG QUESTION

Part 1 At a glance (Most Important Information)

- Tag question অর্থ উক্তির সঙ্গে সংযোজিত প্রশ্ন। অর্থাৎ পূর্ববর্তী কোনো statement এর সত্যতা যাচাই অথবা সমর্থন পাওয়ার জন্য ঐ statement এর সাথে যে সংক্ষিপ্ত question সংযোজন করা হয় তাকে tag question বলে।

(i) Firoz is a good teacher. (statement) (ii) Firoz is a good teacher (statement), isn't he? (tag question)

[প্রথম বাক্য 'Firoz is a good teacher' একটি সাধারণ affirmative statement। দ্বিতীয় বাক্যে statement (Firoz is a good teacher) এর সত্যতা যাচাই বা সমর্থনের জন্য এর সাথে 'isn't he?' সংযোজন করা হয়েছে। Statement এর সাথে এ সংযোজিত অংশটুকুই (isn't he) হলো tag question।]

- **Tag Question এর বৈশিষ্ট্য:**
  - Tag question এ দুটি অংশ থাকে, প্রথম অংশ statement (affirmative/negative) এবং দ্বিতীয় অংশ tag question।
  - Statement এর পর অর্থাৎ tag question এর পূর্বে comma (,) এবং tag question এর পর question mark (?) বসে।
  - Statement এর subject হিসেবে noun বা pronoun যাই থাক না কেন tag question এর subject সর্বদা pronoun হয়।
  - Tag question টি negative হলে auxiliary verb এর contracted form বসে।
  - Statement এর tense অনুযায়ী tag question এর tense হয়।
  - Affirmative statement এর ক্ষেত্রে tag question টি negative হয়।
  - Negative statement এর ক্ষেত্রে tag question টি affirmative হয়।

- **Affirmative statement এর ক্ষেত্রে tag question এর structure নিম্নরূপ:**

Structure-01 Subject + affirmative verb + extension, auxiliary verb এর contracted form + pronoun + ?

Ex: Mohadev is a writer of physics, **isn't he?** Ex: He lives at Shankhari bazar, *doesn't he?*

- **Negative statement এর ক্ষেত্রে tag question এর structure নিম্নরূপ:**

Structure-02 Subject + negative verb + extension, auxiliary verb এর contracted form + pronoun + ?

Ex: Mohadev is not a writer of physics, **is he?** Ex: He does not live at Shankhari bazar, **does he?**

- **Be verb এর contracted form:**

Pronoun/Noun	Long form	Contracted form
I	am not	aren't/ ain't
We/you/they (plural noun)	are not	aren't
He/she/it (singular noun)	is not	isn't
I/he/she/it (singular noun)	was not	wasn't
We/you/they (plural noun)	were not	weren't

Note Present tense এ ain't (am not), aren't, isn't এবং past tense এ wasn't, weren't ব্যবহৃত হয়।

Note Present tense এ haven't, hasn't এবং past tense এ hadn't ব্যবহৃত হয়।

- **Do verb এর contracted form:**

Pronoun/ Noun	Long form	Contracted form
I/ We/you/they (plural noun)	do not	don't
He/she/it (singular noun)	does not	doesn't
I/we/you/he/she/it/they (singular/plural noun)	did not	didn't

Note Present tense এ don't, doesn't এবং past tense এ didn't ব্যবহৃত হয়।

- **Modal verb এর contracted form:**

Pronoun/ Noun	Long form	Contracted form
I/ we/ you/ he/ she/ it/ they/ singular/ plural noun	can not	can't
	could not	couldn't
	dare not	daren't
	may not	mayn't
	must not	mustn't
	might not	mightn't
	need not	needn't
	ought not to	oughtn't
	shall not	shan't
	should not	shouldn't
	used not to	usedn't
	will not	won't
	would not	wouldn't

Note I এবং We এর পর shall/will বসে।

JOYEUX PUBLICATIONS • JOYEUX PUBLICATIONS • JOYEUX PUBLICATIONS • JOYEUX PUBLICATIONS • JOYEUX PUBLICATIONS • JOYEUX PUBLICATIONS • JOYEUX PUBLICATIONS

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Tag Question of Assertive Sentence

Rule-01: I, You, He, She, They, It- statement এর subject হলে tag question এর subject হিসেবেও I, You, He, She, They, It বসে।

Ex: I **don't** need some books, **do** I?

Ex: **You'll** remember to call me, **won't you**?

Rule-02: একটিমাত্র proper noun- statement এর subject হলে tag question এর subject হিসেবে He/ She এবং অন্যক্ষেত্রে It বসে।

Ex: **Jabed** is a good boy, **isn't he**?

Ex: **English** is an international language, **isn't it**?

Rule-03: একটিমাত্র singular common noun- statement এর subject হলে tag question এর subject হিসেবে He/She এবং plural হলে They বসে।

Ex: **The student** is not talented, **is he**?

Ex: **Women** are deprived in Bangladesh, **aren't they**?

Rule-04: একাধিক singular common noun-statement এর subject হলে tag question এর subject হিসেবে It এবং plural হলে They বসে।

Ex: **The house** is not white, **is it**?

Ex: **The companies** offer their appointment, **don't they**?

Rule-05: Collective noun এর পর singular verb থাকলে tag question এর subject হিসেবে It এবং plural verb থাকলে They বসে।

Ex: The team **is** strong, **isn't it**?

Ex: The cattle **are** grazing in the field, **aren't they**?

❑ **কিছু গুরুত্বপূর্ণ collective noun:**

Army	Audience	Bundle	Cavalry	Class	Committee	Crowd	Elite
Fleet	Flight	Flock	Gang	Gentry	Group	Herd	Infantry
Jury	Library	Majority	Mass	Navy	Shower	Stack	Team

Rule-06: Material noun statement এর subject হলে tag question এর subject হিসেবে It বসে।

Ex: **Gold** is precious metal, **isn't it**?

Ex: **Water** is not dirty, **is it**?

❑ **কিছু গুরুত্বপূর্ণ material noun:**

Coal	Coffee	Copper	Diamond	Deodorand	Deserts	Forests	Gold
Hair	Harricane	Iron	Islands	Juice	Leather	Mercury	Milk
Oil	Paint	Perfume	Planets	Salt	Soap	Water	Wood

Rule-07: Abstract noun statement এর subject হলে tag question এর subject হিসেবে It বসে।

Ex: **Education** is the backbone of nation, **isn't it**?

Ex: **Kindness** is a great virtue, **isn't it**?

❑ **কিছু গুরুত্বপূর্ণ abstract noun:**

Beauty	Bravery	Courage	Deceit	Energy	Enmity	Fear	Failure
Honesty	Happiness	Intelligence	Justice	Love	Loyalty	Misery	Peace
Patriotism	Reality	Satisfaction	Success	Doubt	Friendship	Kindness	Pleasure

Rule-08: Gerund (V_1 + ing) statement এর subject হলে tag question এর subject হিসেবে It বসে।

Ex: **Walking** is good for health, **isn't it**?

Ex: **Swimming** is not easy exercise, **is it**?

Rule-09: All, anybody, anyone, everybody, everyman, everyone, somebody, nobody, no one, none, neither- statement এর subject হলে tag question এর subject হিসেবে They বসে।

Ex: **Everybody** likes flowers, **don't they**?

Ex: **None** can help you, **can they**?

Rule-10: Anything, everything, nothing, something থাকলে tag question এর subject হিসেবে It বসে।

Ex: **Something** is better than nothing, **isn't it**?

Ex: **Nothing** is certain, **is it**?

Rule-11: All of you, everyone of you, most of you, none of you, some of you- statement এর subject হলে tag question এর subject হিসেবে You বসে।

Ex: **Most of you** jointed the meeting, **didn't you**?

Ex: **None of you** love this, **do you**?

Rule-12: All of us, everyone of us, most of us, none of us, some of us- statement এর subject হলে tag question এর subject হিসেবে We বসে।

Ex: **All of us** don't accept it, **do we**?

Ex: **None of us** may solve this problem, **may we**?

Rule-13: All of them, everyone of them, most of them, none of them, some of them- statement এর subject হলে tag question এরsubject হিসেবে They বসে।

Ex: **Everyone of them** visited to Sylhet, **didn't they**?

Ex: **Some of them** are not capable, **are they**?

Rule-14: This, that- statement এর subject হলে tag question এর subject হিসেবে It এবং these, those হলে They বসে।

Ex: **This** is a pen, **isn't it**?

Ex: **These** are mangoes, **aren't they**?

Rule-15: The + adjective statement এর subject হলে tag question এর subject হিসেবে They বসে।

Ex: **The pious** are present, **aren't they**?

Ex: **The poor** need help, **don't they**?

Rule-16: One statement এর subject হলে tag question এর subject হিসেবে One বসে।

Ex: **One** should take it, **shouldn't one**?

Ex: **One** should obey the rules, **shouldn't one**?

Rule-17: ইতরবাচক প্রাণী বা বস্তুবাচক singular noun- statement এরsubject হলে tag question এর subject হিসেবে It এবং plural noun হলে They বসে।

Ex: **A cat** is on the table, **isn't it**?

Ex: **The table** has four legs, **doesn't it**?

Rule-18: As well as, along with, together with, accompanied by, excluding, including, except for, rather than, in addition to, and not দ্বারা দুটি noun/pronoun যুক্ত হলে প্রথম noun/pronoun অনুযায়ী tag question এর subject হয়।

Ex: **I** along with them will come here, **won't I**?

Ex: **They** rather than he are responsible, **aren't they**?

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Rule-19: Either — or, neither — nor, not only — but also, or, নয় এর ন্যায় শব্দগুলো যে subject এ ব্যবহৃত হয়।

Ex: Either Raju or his friends put it, didn't they? **Ex:** You or he has done this, isn't it?

Rule-20: There statement এর subject এর tag question এর subject হবে There এর।

Ex: There is something wrong, isn't there? **Ex:** There was not a village at that time, was there?

Rule-21: It is I who, It is we who, It is you who, It is he/she who, It is they who এ statement এর ক্ষেত্রে who, এর পূর্বে অবস্থিত subject question এর subject হয়।

Ex: It is you who will give it, won't you? **Ex:** It is she who can't, didn't she?

Rule-22: The baby, the infant, the little child, the little girl- statement এর subject এর tag question এর subject হবে It এর।

Ex: The baby is crying for milk, isn't it? **Ex:** The little child was calm, wasn't it?

Rule-23: Moon, sun, river, hill, valley- statement এর subject এর tag question এর subject হবে It এর।

Ex: The moon shines at night, doesn't it? **Ex:** The river is full of water, isn't it?

Rule-24: Allah, statement এর subject এর tag question এর subject হবে He এর।

Ex: Allah help us, don't He? **Ex:** Allah is almighty, isn't He?

Note: Allah এর pronoun form, He বড় হাতের capital letter এ শুরু হয়।

Rules of Verb in Tag Question

Rule-01: Affirmative statement এ be verb থাকলে tag question এ aren't, isn't, wasn't, weren't এর negative statement থাকলে tag question এ am, is, are, was, were ব্যবহৃত হয়।

Ex: We are all present, aren't we? **Ex:** She isn't a nurse, is she?

Rule-02: Affirmative statement এ have verb থাকলে tag question এ haven't, hasn't, hadn't এর negative statement থাকলে tag question এ have, has, had ব্যবহৃত হয়।

Ex: I have done this work, haven't I? **Ex:** He had got a good result, hadn't he?

Rule-03: Affirmative statement এ modal verb থাকলে tag question এ can't, couldn't, daren't, mayn't, mustn't, oughtn't, needn't (ought to, shan't, shouldn't, used't to, won't, wouldn't এর negative statement থাকলে tag question এ can, could, dare, may, must, ought need, ought to, shall, should, used to, will,would ব্যবহৃত হয়।

Ex: Raisa can write an article, can't she? **Ex:** I couldn't read the text, could I?

Rule-04: Affirmative statement টি present indefinite tense এর tag question এ don't/doesn't এর negative statement এর tag question এ do/does ব্যবহৃত হয়।

Ex: They travel around year, don't they? **Ex:** It doesn't work properly, does it?

Rule-05: Affirmative statement টি past indefinite tense এর tag question এ didn't এর negative statement এর tag question এ did ব্যবহৃত হয়।

Ex: His friends came here last year, didn't they? **Ex:** I didn't see it before, did I?

Rule-06: It is I who, It is we who, It is you who, It is he/she who, It is they who এর statement এর who যাকে বহন করে tag question এ তাকে

Ex: It is I who have broken the glass, haven't I? **Ex:** It is Rana who wrote it, didn't he?

Rule-07: Need যদি modal verb এর tag question এ verb হিসেবে need (affirmative) এর needn't (negative) ব্যবহৃত হয়। কিন্তু main verb এর tense অনুযায়ী tag question এ do/does/did (affirmative) এর don't/doesn't/didn't (negative) ব্যবহৃত হয়।

Ex: You need not go, need you? (modal verb) **Ex:** I need your help, don't I? (main verb)

Rule-08: Dare যদি modal verb এর tag question এ verb হিসেবে dare (affirmative) এর daren't (negative) ব্যবহৃত হয়। কিন্তু main verb এর tense অনুযায়ী tag question এ do/does/did (affirmative) এর don't/doesn't/didn't (negative) ব্যবহৃত হয়।

Ex: You dare not do it, dare you? (modal verb) **Ex:** I dare to help you, don't I? (main verb)

Rule-09: Have যদি main verb এর tense অনুযায়ী tag question এ do/does/did (affirmative) এর don't/doesn't/didn't (negative) ব্যবহৃত হয়

Ex: We have played, haven't we? (auxiliary verb) **Ex:** We have a house, don't we? (main verb)

Rule-10: নিম্নোক্ত negative word গুলো কোন statement এ থাকলে tag question টি affirmative হয়:

Nobody	No one	None	No	Not	Neither	Never	Few
Little	Barely	Nor	No sooner	Nothing	Hardly	Scarcely	Seldom

Ex: Nobody will come here, will they? **Ex:** He got little money, did he?

Tag Question of Imperative Sentence

Rule-01: Verb যদি imperative statement শুরু হয় tag question এ subject হিসেবে You বসে।

Ex: Open the book, won't you? **Ex:** Don't forget me, will you?

Rule-02: Let's (Let us) যদি imperative statement শুরু হয় tag question এ subject হিসেবে We বসে।

Ex: Let's do the work, shall we? **Ex:** Let's go to play cricket, shall we?

Rule-03: Let him/Let her/Let them যদি imperative statement শুরু হয় tag question এ subject হিসেবে You বসে।

Ex: Let him go home, will you? **Ex:** Let them work in the field, will you?

Rule-04: Affirmative statement হলে tag question এর verb হিসেবে Will/Won't ব্যবহৃত হয়।
Ex: Open the book, **will** you/**won't** you?
Ex: Help the poor, **will** you/**won't** you?

Note Subject (you) এর সম্মতির উপর জোর দেওয়া হলে **won't** you ব্যবহৃত হয়।

Rule-05: Negative statement হলে tag question এর verb হিসেবে Will ব্যবহৃত হয়।
Ex: **Don't forget** me, **will** you?
Ex: **Don't go** home today, **will** you?

Rule-06: Imperative statement এ বিনয় বা ভদ্রতা প্রকাশ পেলে tag question এর verb হিসেবে Could/Would ব্যবহৃত হয়।
Ex: Help me, **could** you?
Ex: **Close** the door, **would** you?

Rule-07: Let's (Let us) দ্বারা imperative statement শুরু হলে tag question এর verb হিসেবে Shall ব্যবহৃত হয়।
Ex: **Let's** do the work, shall **we**?
Ex: **Let's** go to play cricket, shall **we**?

Rule-08: Let him/Let her/Let them দ্বারা imperative statement শুরু হলে tag question এর verb হিসেবে Will ব্যবহৃত হয়।
Ex: **Let them** read it, **will** you?
Ex: **Let him** go home, **will** you?

Tag Question of Exclamatory Sentence

Rule-01: Exclamatory statement এর subject, বস্তুবাচক singular noun অথবা it হলে tag question এ subject হিসেবে It এবং plural noun হলে They বসে। **Ex:** What a nice scenery **it** is!, isn't **it**?
Ex: How beautiful **the flowers** are!, aren't **they**?

Rule-02: Exclamatory statement এর subject ব্যক্তিবাচক singular noun হলে tag question এর subject হিসেবে He/She এবং plural noun হলে They বসে।
Ex: What a tremedous job **Keya** did!, didn't **she**?
Ex: How cruel **they** were!, weren't **they**?

Rule-03: Exclamatory statement এর subject উহ্য থাকলে tag question এর subject হিসেবে It বসে।
Ex: What a big surprise (**it** is!), isn't **it**?
Ex: How beautiful (**it** is!), isn't **it**?

Rule-04: Exclamatory statement এ be verb (am, is, are, was, were) এবং have, has, had থাকলে tag question এর verb হিসেবে aren't, isn't, wasn't, weren't এবং haven't, hasn't, hadn't ব্যবহৃত হয়।
Ex: What a fantastic journey it **is!, isn't** it?
Ex: How fantastic drama I **had** enjoyed!, **hadn't** I?

Rule-05: Exclamatory statement এ main verb থাকলে tag question এর verb হিসেবে Don't/ Does/ Didn't ব্যবহৃত হয়।
Ex: How sweetly Shamim sings!, **doesn't he?**
Ex: What an excellent play they showed!, **didn't they?**

Part 2 GST (Combined) University Previous Questions

01. When we arrived, they had gone home ——? [CoU-C : 19-20]
Ⓐ didn't we Ⓑ hadn't they Ⓒ did we Ⓓ didn't they
Ans D Explanation দুটি clause থাকলে Principal clause অনুযায়ী tag question হবে।

02. Nothing is impossible, —— ? [BRUR-A : 19-20]
Ⓐ is it Ⓑ does it Ⓒ doesn't it Ⓓ isn't it
Ans A Explanation Nothing এর জন্য tag question positive আছে।

03. Nobody went there, —— ? [BRUR-A : 19-20]
Ⓐ did they Ⓑ didn't they Ⓒ did there Ⓓ do they
Ans A Explanation Nobody থাকার কারণে tag question positive হবে। Nobody এর pronoun হিসেবে tag question এ they হবে।

04. I am going to defeat you, —— ? [RUB : 19-20]
Ⓐ are I Ⓑ Am I not Ⓒ amn't I Ⓓ aren't I
Ans D Explanation Positive tag question এর ক্ষেত্রে negative করতে হয়, aren't I/ ain't I হবে।

05. Let's go to the market, ——? [BSMRSTU-E : 19-20]
Ⓐ do we Ⓑ shall we Ⓒ doesn't we Ⓓ aren't we
Ans B Explanation Let's থাকলে এর tag question হবে shall we।

06. Shut the windows, ——? [BSMRSTU-G : 19-20]
Ⓐ shall we Ⓑ will you Ⓒ do you Ⓓ don't you
Ans B Explanation Imperative sentence এর tag question হবে will you।

07. Choose the correct tag: Let me do the work, ——? [IU-B : 18-19]
Ⓐ shall we Ⓑ isn't it Ⓒ will you Ⓓ shan't it
Ans C Explanation Let me/them/him এর tag question হবে will you এবং Let us/let's এর tag question হবে shall we।

08. Turn the fan on, ——? [BRUR-A : 18-19]
Ⓐ Can't you Ⓑ will you
Ⓒ won't you Ⓓ don't you
Ans B

09. Everybody loves music. The tag question will be——. [MBSTU-D : 18-19]
Ⓐ isn't it? Ⓑ don't they? Ⓒ do they? Ⓓ doesn't they?
Ans B Explanation Anybody, everybody, no body, somebody, anyone, everyone, no one, some one এ গুলোর পরে verb/ possessive singular হয় কিন্তু এগুলোর pronoun হিসেবে they হয়।

10. The students turned mad after the match, —? [NSTU-D : 18-19]
Ⓐ didn't they Ⓑ hadn't they
Ⓒ had they Ⓓ did they
Ans A Explanation Statement টি affirmative হলে tag question টি negative এবং subject এর পূর্বে tense অনুযায়ী auxiliary verb এর সংক্ষিপ্ত রূপ (didn't) হয়।

11. I'm late again, ——? [NSTU-E : 18-19]
Ⓐ amn't I Ⓑ aren't I Ⓒ am I Ⓓ haven't I
Ans B Explanation Present indefinite tense এর affirmative statement এর ক্ষেত্রে tag question টি negative (aren't I) হবে। Am not এর সংক্ষিপ্ত রূপ aren't হয়।

12. It hardly rains in winter in Bangladesh, —— it? [JUST-D : 18-19]
Ⓐ doesn't Ⓑ is it Ⓒ isn't Ⓓ does
Ans D Explanation Hardly, scarcely, rarely, seldom, never ইত্যাদি adverb negative অর্থ দেয় তাই এদের tag question positive হয়।

13. Fire burns, ——? [BSMRSTU-G : 18-19]
Ⓐ is not? Ⓑ doesn't it? Ⓒ don't it? Ⓓ isn't it?
Ans B Explanation Affirmative sentence এর tag question negative হয়। Present indefinite tense এর tag question এ auxiliary verb হিসেবে does/do আসে।

Part 3 Most Important MCQ

01. They haven't visited the garden, —— ?
Ⓐ are they Ⓑ were they Ⓒ haven't they Ⓓ have they — Ans (D)

02. Germany has won the football match, ——?
Ⓐ has it Ⓑ hasn't it Ⓒ did it Ⓓ does it — Ans (B)

03. It seems strange, —— it really?
Ⓐ isn't Ⓑ doesn't Ⓒ shouldn't Ⓓ hasn't — Ans (B)

04. The universities have opened recently, —— ?
Ⓐ aren't they Ⓑ hasn't they Ⓒ haven't they Ⓓ weren't they — Ans (C)

05. They have tried but failed, ——— ?
Ⓐ haven't they Ⓑ aren't they Ⓒ don't they Ⓓ didn't they — Ans (A)

06. The team is disqualified, —— ?
Ⓐ isn't it Ⓑ wasn't Ⓒ hasn't it Ⓓ doesn't it — Ans (A)

07. She could have been more discreet, ——
Ⓐ didn't she? Ⓑ can't she Ⓒ won't she Ⓓ couldn't she? — Ans (D)

08. For the boys, the task was quite easy, —— ?
Ⓐ weren't they Ⓑ didn't they Ⓒ wasn't it Ⓓ isn't it — Ans (C)

09. You are expected to do better –
Ⓐ are you not Ⓑ are not you? Ⓒ aren't you? Ⓓ don't you? — Ans (C)

10. Let's sit in the garden,–
Ⓐ will we? Ⓑ can we? Ⓒ should we? Ⓓ shall we? — Ans (D)

11. Nothing bad happened, ——?
Ⓐ did it Ⓑ does it Ⓒ have they Ⓓ had they — Ans (A)

12. Don't make any noise,——?
Ⓐ should you Ⓑ will you Ⓒ would you Ⓓ could you — Ans (B)

13. Everybody was present there, ——— ?
Ⓐ wasn't it Ⓑ didn't it Ⓒ weren't they Ⓓ wasn't he — Ans (C)

14. None is happy in this world, —? The tag question is –
Ⓐ are they? Ⓑ is one? Ⓒ is it? Ⓓ isn't it? — Ans (A)

15. Tomorrow, instead of going to Sylhet with my boss, I am going to Dhaka, —.
Ⓐ ain't I Ⓑ aren't I Ⓒ won't I Ⓓ am I — Ans (A)

16. They had to provide some evidence to the court to clear him of the accusation —?
Ⓐ wouldn't they Ⓑ hadn't he Ⓒ didn't they Ⓓ hadn't they — Ans (C)

17. The weather is better today, ——?
Ⓐ hasn't it Ⓑ isn' t it Ⓒ does it Ⓓ is it — Ans (B)

18. There has not been a great response to the sale, ——— ?
Ⓐ does there Ⓑ has there Ⓒ hasn't there Ⓓ hasn't it — Ans (B)

19. She has sound knowledge about philosophy, ——?
Ⓐ hasn't she Ⓑ doesn't she Ⓒ hadn't she Ⓓ both A & B — Ans (D)

20. You still want to meet him, ——?
Ⓐ won't you Ⓑ don't you Ⓒ do you Ⓓ will you — Ans (B)

ENGLISH Chapter 20 PUNCTUATION

Part 1 At a glance (Most Important Information)

❑ Punctuation অর্থ বিরাম চিহ্ন। কথা বলার সময় বাক্যের অর্থ সুস্পষ্টভাবে বোঝার জন্য বাক্যের মধ্যে বা শেষে অথবা বাক্যে আবেগ, জিজ্ঞাসা প্রকাশ করতে কণ্ঠস্বরে যেভাবে বিরতি নিতে হয় ঠিক একই ভাবে লেখার সময় লিখিত বাক্যে তা দেখানোর জন্য যেসব সাংকেতিক চিহ্ন ব্যবহার করা হয় তাকে punctuation marks বলে।

Some Punctuation Marks

Marks	Name of marks	Time of pause
A	Capital letter	×
.	Full stop	এক সেকেন্ড
,	Comma	১ বলতে যে সময় প্রয়োজন
:	Colon	এক সেকেন্ড
;	Semicolon	১ বলার দ্বিগুন সময়
?	Question mark	এক সেকেন্ড
!	Exclamation mark	এক সেকেন্ড
'	Apostrophe	থামার প্রয়োজন নেই
-	Hyphen	থামার প্রয়োজন নেই
–	Dash	এক সেকেন্ড
...	Dots/Ellipsis	×
/	Slash/Oblique	×
‘ ’ / “ ”	Quotation marks	১ বলতে যে সময় প্রয়োজন
( )	Brackets	থামার প্রয়োজন নেই
[ ]	Square Brackets	থামার প্রয়োজন নেই
italics	Italics	×

CamScanner

The use of Punctuation marks in sentence

❑ Capital Letter (ABC) :

- ইংরেজি বাক্যের প্রথম শব্দে Capital Letter ব্যবহৃত হয়।
  ➢ There are 26 letters in English.
  ➢ A king lived here many years ago.
- মানুষ, প্রতিষ্ঠান এবং স্থানের নামে Capital Letter ব্যবহৃত হয়।
  ➢ Name of human : Nelson Mandela, Saiful Hauqe
  ➢ Name of place : Dhaka, Madaripur, Europe
  ➢ Name of institution : Joykoly, Grammar Academy, Oxford University
- দেশ, গ্রহ এবং নক্ষত্রের নামে Capital Letter ব্যবহৃত হয়।
  ➢ Name of country: Bangladesh, India, The United States
  ➢ Name of star: Sirius, Canopus, Gamma Pegasi, Beta Ceti
  ➢ Name of planet: Earth, Mars, Neptune, Jupiter, Mercury
- দিন, মাস এবং উৎসবের নামে Capital Letter ব্যবহৃত হয়।
  ➢ Name of day: Sunday, Monday, Tuesday, Friday
  ➢ Name of festival: Christmas, Eid, Durga Puja
  ➢ Name of month: January, December, Boishakh, Choitro
- মানুষের পদবি এবং ভাষার নামে Capital Letter ব্যবহৃত হয়।
  ➢ Name of title: Mr Kashem, Professor Hasan, Colonel Osmani.
  ➢ Name of language: Bangla, English, Hindi, Brajabuli
- জাতি, ধর্ম এবং ভাষার নাম adjective হিসেবে ব্যবহৃত হলে ঐ adjective এ Capital Letter ব্যবহৃত হয়।
  ➢ Name of nation: Bangali, Indian, American, British, Rushian
  ➢ Name of language: Bangla, English, Hindi, German, Spenish
  ➢ Name of religion: Muslim, Hindu, Christian, Buddhist
- সংবাদপত্র, ম্যাগাজিন, বই এবং চলচ্চিত্রের নামে Capital Letter ব্যবহৃত হয়।
  ➢ Name of newspaper: The Prothom Alo, The Daily Star, The Bangladesh Journal
  ➢ Name of magazine: Anannya, Canvas, Modina, Film Threat, Anandamela
  ➢ Name of book: Agni Bina, Gora, Macbeth, Sons and Lovers
  ➢ Name of film: Matir Moyna, Moner Manush, Titanic, Avatar

❑ Full Stop (·) :

- Assertive, imperative এবং optative sentence এর শেষে Full Stop (·) ব্যবহৃত হয়।
  ➢ Saiful is a good student.
  ➢ Give him a green pen.
  ➢ May Allah bless you.
- Abbreviation letter এর শেষে full stop ব্যবহৃত হয়।
  ➢ Degree এর abbreviation letter: B.A., B.S.S., B.Sc., M.Sc.
  ➢ Time এর abbreviation letter: 5 a.m., 6 p.m.
  ➢ Name এর abbreviation letter: A.P.J. Abul Kalam, A. K. Fazlul Huq
  ➢ Year এর abbreviation letter: 300 B.C., 1980 A.D.
- Internet এবং email address এ full stop ব্যবহৃত হয়।
  ➢ Internet address: http://www.joykoly.com, http://www.oup.com
  ➢ Email address: info.joykoly@gmail.com, grammarac@gmail.com
  Note Internet এবং email address এ ব্যবহৃত full stop কে dot (·) বলে।
- American English নিয়মে Mr (Mister) এবং Mrs (Mistress) এর পর full stop ব্যবহার হয় কিন্তু British English নিয়মে full stop ব্যবহৃত হয় না।
  ➢ American English: Mr. Hasan, Mrs. Nondita
  ➢ British English: Mr Hasan, Mrs Nondita

❑ Comma (,) :

- দুইয়ের অধিক noun, pronoun, verb, adjective এবং adverb একসঙ্গে বসলে প্রতিটি word এর পর comma (,) এবং শেষ word এর পূর্বে and ব্যবহৃত হয়।
  ➢ Order of noun: Rahim, Karim and Kashem are brother.
  ➢ Order of pronoun: You, he and I are invited to the party.
  ➢ Order of verb: He went, ate, danced and sang here.
  ➢ Order of adjective: I bought a bouquet of red, pink and white roses.
  ➢ Order of adverb: She came silently, slowly and secretly to me.
- Introductory word, phrase অথবা adverb, adverb phrase বাক্যের শুরুতে থাকলে এগুলোর পরে comma (,) ব্যবহৃত হয়।
  ➢ Introductory word: Oh, so that's where it was.
  ➢ Phrase: Having finally arrived in town, we went shopping.
  ➢ Adverb: Solemnly, the policeman arrested him.
  ➢ Adverbial phrase: On the way, did you hear about car.
- যদি noun সম্পর্কে অতিরিক্ত তথ্য প্রদানের জন্য যে clause ব্যবহৃত হয় কিন্তু বাক্যের অর্থ প্রকাশের জন্য গুরুত্বপূর্ণ নয় এমন clause পূর্বে এবং পরে comma (,) ব্যবহৃত হয়।
  ➢ Clause: The Tanguar Haor, which is very popular for natural views, is situated in Sunamganj.
  Ex: Choose the sentence with the correct punctuation.
  Ⓐ My aunt who lives in Sylhet, is a doctor.
  Ⓑ My aunt, who lives in Sylhet, is a doctor.
  Ⓒ My aunt, who lives in Sylhet is, doctor.
  Ⓓ My aunt, who lives in Sylhet is a doctor. Ans Ⓑ
- Complex sentence এ sub-ordinate cluase এর পর এবং main clause পৃথক করতে compound sentence এ conjunction (and, but, or, for) এর পূর্বে comma (,) ব্যবহৃত হয়।
  ➢ Clause: If you keep calm, take your time.
  ➢ Compound Sentence: We were a holiday last week, but unfortunately it rained all day.
- Tag question এবং quotation sentence পৃথক করতে statement এর পর comma (,) ব্যবহৃত হয়।
  ➢ Tag question: It's quite expensive, isn't it?
  ➢ Quotation sentence: She said, 'Come back soon.'
  Note Quotation sentence শুরুতে বসলে statement এর পর comma (,) ব্যবহৃত হয় না।
  Ex: 'Come back soon.' he said.

CamScanner

❑ Colon (:) :

- কোনো বিষয়ের তালিকা পেশ করতে ঐ তালিকার পূর্বে colon (:) ব্যবহৃত হয়।
  - ➢ These are our options : We go by train and leave before the show; we take the car and see it all.
  - ➢ The bookstore specializes in three subjects : art, architecture and graphic design.
- কোনো clause অথবা phrase, main clause সম্পর্কে অতিরিক্ত তথ্য প্রদান করলে ঐ main clause এর পর colon (:) ব্যবহৃত হয়।
  - ➢ The garden had been neglected for a long time : it was overgrown and full of weeds.
- কারো উক্তি, মন্তব্য বা লেখা উল্লেখ করতে ঐ উক্তি, মন্তব্য বা লেখার পূর্বে colon (:) ব্যবহৃত হয়।
  - ➢ Kenneth Morgan writes : The truth was, perhaps, that Britain in the years from 1914 to 1983 had not changed all that fundamentally...

❑ Semicolon (;) :

- দুই বা ততোধিক principal clause সংযুক্ত করতে semicolon (;) ব্যবহৃত হয়।
  - ➢ John was hurt; he knew she only said it to upset him.

❑ Question mark (?) :

- Direct question এর শেষে question mark (?) ব্যবহৃত হয়।
  - ➢ Do you drink a cup of coffee?
  - ➢ Where is he living now?

  Note Indirect question এর শেষে question mark (?) ব্যবহৃত হয় না। **Ex:** He asked if I was leaving.
- তারিখ এবং সাল প্রকাশে সন্দেহ থাকলে ঐ তারিখ এবং সালের পূর্বে question mark (?) ব্যবহৃত হয়।
  - ➢ John Marston (? 1575-1634)

❑ Exclamation mark (!) :

- আনন্দ, বিস্ময়, দুঃখ এবং রাগের ভাব প্রকাশ করতে বাক্যের শেষে exclamation mark (!) ব্যবহৃত হয়।
  - ➢ Oh! This is a gorgeous dress.
  - ➢ Hurrah! we have won the match.

❑ Apostrophe (') :

- Person এর possessive form হিসেবে apostrophe (') + s ব্যবহৃত হয়।
  - ➢ Possessive form: My friend's brother, King James's crown, The students' books

  Note Person plural number হলে apostrophe (') এর পর S যুক্ত হয় না। **Ex:** There is Feni girls' cadet college.
- Auxiliary verb এর contracted form এবং সালের পূর্ব সংখ্যা বাদ দিলে এর পূর্বে (') ব্যবহৃত হয়।
  - ➢ I'm, They'd, You aren't
  - ➢ The summer of '89 (1989)
- Letter এর plural form হিসেবে এবং সালের পর apostrophe (') + s ব্যবহৃত হয়।
  - ➢ Letter এর plural form: A's, C's,
  - ➢ Year এর শেষে: 1988's, 1858's

❑ Hyphen (-) :

- Compound noun এবং compound number গঠনে head word এর পূর্বে ব্যবহৃত প্রতিটি word এর পর hyphen (-) ব্যবহৃত হয়।
  - ➢ Compound noun: Folk-lift-truck, hard-hearted
  - ➢ Compound number: Seventy-three, thirty-one
- Proper noun এর পূর্বে prefix যুক্ত হলে proper noun এবং prefix এর মাঝে hyphen (-) ব্যবহৃত হয়।
  - ➢ Prefix + proper noun: Pre-Raphaelite, Pro-Europe
- British English এ prefix এর শেষে এবং head word এর শুরুতে একই vowel থাকলে এর মাঝে hyphen (-) ব্যবহৃত হয়।
  - ➢ Prefix + proper noun: Co-operate, Pre-eminent

❑ Dash (–) :

- পূর্বে ঘটে যাওয়া কোনো কিছুর conclusion বা summery উল্লেখ করতে informal English এ colon অথবা semicolon এর পরিবর্তে dash (–) ব্যবহৃত হয়।
  - ➢ Men were shouting, women were screaming, children were crying – it was chaos.
- বাক্যের শেষে কোনো মন্তব্যকে আলাদা করে জোড়ায় বা এক এক করে উল্লেখ করতে dash (–) ব্যবহৃত হয়।
  - ➢ He knew nothing at all about it – or so he said.

❑ Dots/Ellipsis (…) :

- Conversation এবং quotation এর লাইন অথবা কোনো অংশ বাদ দিলে বাদ দেওয়া অংশ উল্লেখ করতে dots/ellipsis (…) ব্যবহৃত হয়।
  - ➢... challenging the view that Britain ... had not changed all that fundamentally.

❑ Slash/Oblique (/) :

- Alternative words অথবা phrase কে পৃথক করতে slash/oblique (/) ব্যবহৃত হয়।
  - ➢ Words: Single/married/widowed/divorced
  - ➢ Phrase: Have a pudding and/or cheese
- Internet অথবা Email এ ব্যবহৃত দুটি ভিন্ন অংশ আলাদা করতে slash/oblique (/) ব্যবহৃত হয়।
  - ➢ Internet: http://www.oup.com/elt/

CamScanner

❑ Quotation Marks (‘’ or “ ”) :

- **Indirect speech এবং short quotation কে enclose করতে quotation marks (‘ ’or“ ”) ব্যবহৃত হয়।**
  - ➢ Indirect speech: 'Why on earth did you do that?' he asked.
  - ➢ Short quotation: Do you know the origin of the saying: 'A little learning is a dangerous thing'?
- **বাক্যে কোনো word এর প্রতি বিশেষ মনোযোগ দেওয়ার জন্য quotation marks (‘ ’ or “ ”) ব্যবহৃত হয়।**
  - ➢ Word: He told me in no uncertain terms to 'get lost'.
- **Article, book, poem এবং play এর নাম enclose করতে quotation marks (‘ ’ or “ ”) ব্যবহৃত হয়।**
  - ➢ Poem: *Keats' 'Ode to Autum'*
  - ➢ Book: He read *'Sons and Lovers'*.

Note British English এ single quotation marks এবং American English এ double quotation marks ব্যবহৃত হয়।

- ➢ British English: 'Help! I am drowing!'
- ➢ American English: "Help! I am drowing!"

❑ Brackets ( ) :

- **উল্লেখযোগ্য comment অথবা extra information- মূল বাক্যে পৃথক করে বোঝাতে brackets ( ) ব্যবহৃত হয়।**
  - ➢ Mount Robson (**12972 feets**) is the highest mountain in the Canadian Rockets.
  - ➢ He thinks that modern music (**i.e. anything written after1900**) is rubbish.
- **Reference এবং text এর number অথবা letter কে enclose করতে brackets ( ) ব্যবহৃত হয়।**
  - ➢ **Reference:** This moral ambiguity is a feature of Shakespeare's later works (see **Chapter Eight**)
  - ➢ **Text number/letter:** Our objectives are (**m**) to increase output, (**2**) to improve quality and (**3**) to maximize profits.

❑ Squre brackets [ ] :

- **বাক্যে grammatically correct কোনো word কে insert করতে** square brackets **[ ]** ব্যবহৃত হয়।
  - ➢ British in [**these**] years was without...

❑ Italics (*italics*) :

- **বাক্যে কোনো word বা লাইনকে জোর দিতে এবং বিদেশি word এবং phrase কে আলাদা করে বোঝাতে** italics (***italics***) **ব্যবহৃত হয়।**
  - ➢ Emphasis of word: I'm going to do it- ***you*** are. Proposal which we cannot accept ***under any circumstances***.
  - ➢ Foreign word: The English oak (***Quercus robur***)
- **Book এবং play এর নামে italics ব্যবহৃত হয়।**
  - ➢ Book's name: Joyce's ***Ulysses***
  - ➢ Play's name: Have you read ***Macbeth***?

❑ British English এবং American English এ কয়েকটি punctuation marks ভিন্ন নামে ব্যবহৃত হয়:

British English	Punctuation marks	American English	British English	Punctuation marks	American English
full stop	.	Period	brackets	()	parentheses
exclamation mark	!	exclamation point	square brackets	[]	brackets

Part 2 GST (Combined) University Previous Questions

01. Which of the following is an example of the literary device known as Apostrophe? [SUST-A : 19-20]
Ⓐ "I will arise and go now, and go to Innisfree"
Ⓑ "She walks in beauty like the night"
Ⓒ "Blow, blow thou winter wind"
Ⓓ "Oh! My car hurts! Oh! MY head aches!"
Ⓔ "But my sweat, my plight on the road sees who?"
Ans D **Explanation** Apostrophe (সম্বোধন অলঙ্কার) means breaking off discourse to address some absent person or thing, some abstract quality an inanimate object or a nonexistent character

02. A question mark in parentheses (?) can be used to —— [KU-B : 19-20]
Ⓐ express uncertainty
Ⓑ mark the end of any sentence
Ⓒ express a writer's interest
Ⓓ show a writer's expectation
Ans A

03. Which sentence is punctuated correctly? [IU-B : 19-20]
Ⓐ Its a job I'd really like to have.
Ⓑ It's a job I'd really like, to have.
Ⓒ It's a job; I'd really like to have.
Ⓓ It's a job I'd really like to have.
Ans D

04. 3/4 is said: [MBSTU-D : 18-19]
Ⓐ three-four
Ⓑ three-fourth
Ⓒ three-fourths
Ⓓ third-fourth
Ans C **Explanation** সংখ্যার অনুপাতকে কথায় প্রকাশ করতে দুটি ordinal number (ক্রমিক সংখ্যাশব্দ) এর মাঝে একটি হাইফেন এবং শেষ ক্রমিক সংখ্যাটির সাথে s যুক্ত হয়।

CamScanner

Part 3 Most Important MCQ

01. Choose the sentence with the correct punctuation.
Ⓐ My aunt who lives in Sylhet, is a doctor.
Ⓑ My aunt, who lives in Sylhet, is a doctor.
Ⓒ My aunt, who lives in Sylhet is, doctor.
Ⓓ My aunt, who lives in Sylhet is a doctor. Ans (B)

02. Find the sentence with correct punctuations.
Ⓐ Maria, my student, is on leave today.
Ⓑ Maria my student, is on leave today.
Ⓒ Maria my student is on leave today.
Ⓓ Maria my student is, on leave today. Ans (A)

03. Which of the following sentences is correct?
Ⓐ People, who talk loudly on their cell phones in crowded trains, show little respect for other passengers.
B) People, who talk loudly on their cell phone in crowded trains, show little respect for other passengers.
Ⓒ People who talk loudly on their cell phones in crowded trains show little respect for other passengers.
Ⓓ People, who talk loudly, on their cell phone in crowded trains show little respect for other passengers. Ans (A)

04. Complete the expression. Nobody ever got in his way-
Ⓐ he'd just stride all over them
Ⓑ he'd just hop all over them
Ⓒ he'd just stroll all over them
Ⓓ he'd just walk all over them Ans (D)

05. Identify the most appropriate response. Mr. 'It's going to cost a lot of money to put right, I'm afraid.' Frank:
Ⓐ It's not the end of the day.
Ⓑ It's not the end of life.
Ⓒ It's not the end of the world.
Ⓓ It's not the end of everything. Ans (C)

06. The sentence with correct punctuations is-
Ⓐ Rajib, my student, is on leave today.
Ⓑ Rajib my student, is on leave today.
Ⓒ Rajib my student is on leave today.
Ⓓ Rajib, my student is on leave, today. Ans (A)

07. Choose the correctly punctuated sentence:
Ⓐ Your sagacity, is a fraud like everything else
Ⓑ Your sagacity is a fraud, like everything else
Ⓒ Your sagacity, is, a fraud, like everything else
Ⓓ Your sagacity, is a fraud, like, everything else. Ans (B)

08. Choose the sentence which has been punctuated correctly:
Ⓐ An engagement is not a marriage a family quarrel is not a broken home.
Ⓑ An engagement is not a marriage: a family quarrel is not a broken home.
Ⓒ An engagement is not a marriage; a family quarrel is not a broken home.
Ⓓ An engagement is not a marriage, a family quarrel is not a broken home. Ans (C)

ENGLISH Chapter 21 CORRECTION

Part 1 At a glance (Most Important Information)

Parts of Speech Related Rules

Rule-01 Let এর পর pronoun থাকলে pronoun এর objective form ব্যবহৃত হয়।
Inc: Let you and he be witness. **Corr:** Let you and **him** be witness.

Rule-02 সাধারণত Uncountable noun এর পূর্বে article বসে না।
Inc: **The rice** is our staple food. **Corr:** **Rice** is our staple food.

Rule-03 Uncountable কে নির্দিষ্ট করে বোঝালে the বসে।
Inc: **Rice** of Dinajpur is famous. **Corr:** **The rice** of Dinajpur is famous.

Rule-04 Uncountable noun এর পূর্বে little/a little এবং countable noun এর পূর্বে few / a few ব্যবহৃত হয়।
Inc: I have **a few** money. **Corr:** I have **a little** money.

Rule-05 Relative pronoun এর পূর্ববর্তী noun (antecedent) অনুযায়ী verb হয়।
Inc: It is I who **is** to blame. **Corr:** It is I who **am** to blame.

Rule-06 Comparative বাক্যে than এর পর noun/pronoun এর subjective form ব্যবহৃত হয়।
Inc: I am older **than him**. **Corr:** I am older **than he**.

Rule-07 Superlative degree এর পর relative pronoun that ব্যবহৃত হয়।
Inc: He is the best scholar **whom** I have seen. **Corr:** He is the best scholar **that** I have seen.

Rule-08 Demonstrative pronoun (this, that, these, those) এর possessive case হয় না।
Inc: There is no likehood of **that's** coming to pass. **Corr:** There is no likehood of **that** coming to pass.

Rule-09 Gerund এর আগে যদি একসাথে একটি noun ও personal pronoun থাকে, তাহলে তাদের possessive case হয় না।
Inc: I insist on **Saiful's** and **reading** this useful book. **Corr:** I insist on **Saiful** and **your reading** this useful book.

Rule-10 Appoint, make, select, call, name, nominate, elect এই verb গুলোর পর as বসে না।
Inc: We **made** him **as** captain. **Corr:** We **made** him captain.

Rule-11 Too + adjective + infinitive যুক্ত বাক্য দিয়ে সাধারণত negative অর্থ প্রকাশ পায়।
Inc: He is **very** weak **to** walk. **Corr:** He is **too** weak **to** walk.

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Rule-12 Headache এর পূর্বে article হিসেবে a ব্যবহৃত হয়।
Inc: I have headache. **Corr:** I have **a** headache.

Rule-13 Such এর পর কোনো noun থাকলে such এর পর a/an বসে।
Inc: It was such cold morning. **Corr:** It was **such a cold morning.**

Rule-14 School, church, mosque, hospital, college প্রভৃতি শব্দ দিয়ে যদি গমন করা বোঝায় তাহলে এগুলোর পূর্বে article বসে না।
Inc: They go to **the church** every Sunday. **Corr:** They go to **church** every Sunday.

Rule-15 Scenery, advice, equipment, food, furniture শব্দগুলো uncountable noun হওয়ায় এদের plural form হয় না।
Inc: The scenery of cox's Bazar **are** charming. **Corr:** The scenery of cox's Bazar **is** charming.

Rule-16 Ed যুক্ত participle শুধু ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হলেও ing –যুক্ত participle ব্যক্তি ও বস্তু উভয়ক্ষেত্রেই প্রযোজ্য। যেমন: The movie is interesting or The man is interesting or The man is interested in doing math. (কখনও The movie is interested বলা যায় না)।
Inc: The story is **interested.** **Corr:** The story is **interesting.**

Tense Related Rules

Rule-17 To have (have, has, had), to be এবং having এর পর verb থাকলে, verb এর past participle form (v_3) ব্যবহৃত হয়।
Inc: I wanted the notice **to be hang** on the wall. **Corr:** I wanted the notice **to be hung** on the wall.
Inc: Having finish her meals, she went to school. **Corr: Having finished** her meals, she went to school.

Rule-18 সাধারণত modal auxiliary verb গুলোর পর verb এর base form (v_1) ব্যবহৃত হয়।

Can/could	May/ might	Shall/should	Will/would	Must	Need	Dare	Had better	would rather

Inc: Mamun **can** to write poetry. **Corr:** Mamun **can write** poetry.
Inc: They **must done** the work. **Corr:** They **must do** the work.

Rule-19 নিম্নলিখিত periphrastic modal auxiliary verb গুলোর পর verb এর base form (v_1) ব্যবহৃত হয়।

Am to	Is to	Are to	Was to	Were to	Have to	Has to	Shall/will have to
Ought to	Used to	Am able to	Is able to	Are able to	Was able to	Were able to	Am going to
Is going to	Are going to	Was going to	Were going to	Am about to	Is about to	Are about to	Was about to

Inc: I **am to met** the secretary. **Corr:** I **am to meet** the secretary.
Ex: She **is able to solving** complicated math. **Corr:** She **is able to solve** complicated math.

Rule-20 নিম্নলিখিত verb phrase গুলোর পর verb এর ing form (verb + ing) ব্যবহৃত হয়।

am better off	is better off	are better off	was better off	were better off
am used to	is used to	are used to	was used to	were used to
feel like	look forward to	would you mind	get used to	can't mind
get through	object to	design of	think of	accustomed to
give up	Go on	insist on	think about	confess to
approve of	forget about	count on	adjunct to	capable of

Inc: You **are better off to take** a taxi. **Corr:** You **are better off taking** a taxi.
Inc: He **is used to work** late. **Corr:** He **is used to working** late.
Inc: He **gave up to smoke.** **Corr:** He **gave up smoking.**
Inc: I don't **know about to compute.** **Corr:** I don't **know about computing.**

Rule-21 Have/has/had যখন Causative verb হিসেবে ব্যবহৃত হয় তখন এদের পর indirect object (ব্যক্তিবাচক) থাকলে পরবর্তীতে ব্যবহৃত verb টি base form (v_1) এ ব্যবহৃত হয়। কিন্তু direct (বস্তুবাচক) object থাকলে verb এর past participle form হয়।
Inc: The teacher **had** us **to write** a test. **Corr:** The teacher **had** us **write** a test.
Inc: I had my car **wash.** **Corr:** I had my car **washed.**

Rule-22 Mind, worth, busy, past, without এবং যে কোনো preposition (in, on, at, to, of, for, from, over...) এর পর verb থাকলে, এর ing form (v_1 + ing) ব্যবহৃত হয়।
Inc: I **don't mind** to have a cup of tea. **Corr:** I **don't mind having** a cup of tea.
Inc: **Without** to read, you cannot pass in the exam. **Corr:** **Without reading**, you cannot pass in the exam.

Rule-23 নিম্নলিখিত phrase এর পর আরেকটি verb ব্যবহৃত হলে, verb এর ing form (v_1 + ing) ব্যবহৃত হয়।

It is no good	It is no use	It is worth
It is not worth	It is waste of money (v_1)	It is waste of time

Inc: It is no good **to wait** for him. **Corr:** It is no good **waiting** for him.
Inc: It is waste of time **come** here. **Corr:** It is waste of time **coming** here.

Rule-24 Lest থাকলে should হয় এবং না বোধক অর্থ প্রকাশ করায় no/not বাদ যায়।
Inc: Be careful **lest** you **do not touch** the electric wire. **Corr:** Be careful **lest** you **should touch** the electric wire.

Rule-25 Wish/fancy এর পর verb এর past form হয়।
Inc: I wish I **can fly.** **Corr:** I wish I **could fly.**

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Rule-26 Can't help/couldn't help/can't bear এর পর verb সাথে ing হয়। তবে can't but এর পর verb এর base form হয়।
Inc: I could not help to laugh. **Corr:** I could not help laughing.

Rule-27 Admit, appreciate, tolerate, avoid, consider, mind, miss, complete, finish, understand, risk, delay, deny, prac remember, practice, forgive, keep, recollect, suggest এর পর verb থাকলে তার সাথে ing যুক্ত হয়।
Inc: Please stop to write. **Corr :** Please stop writing.

Rule-28 As if/as though এর পর verb এর past form বসে এবং Be verb হিসেবে সকলের were বসে।
Inc: He orders me about as if I am his servant. **Corr:** He orders me about as if I were his servant.

Rule-29 Unless একটি negative word, তাই এর সাথে যুক্ত clause-এ অতিরিক্ত negative word যুক্ত হয় না।
Inc: Unless you do not work hard, you succeed. **Corr:** Unless you work hard, you cannot succeed.

Preposition Related Rules

Rule-30 দিন বা বারের নামের পূর্বে on এবং নির্দিষ্ট সময়ের পূর্বে at হয়।
Inc: Come in nine o'clock on Friday. **Corr:** Come at nine o'clock on Friday.

Rule-31 দিন বা বারের নামের পূর্বে last/next থাকলে এর পূর্বে preposition হয় না।
Inc: He came here on last Friday. **Corr:** He came here last Friday.

Rule-32 সঠিক সময় (কাঁটায় কাঁটায়) বোঝাতে on time ব্যবহৃত হয়।
